34

আজকের কাগজ

তারিখ 27 APR 1995

পৃষ্ঠা ৮ কলাম ৬

# পাঁচ মাসেও ঢা.বি.'র ডিগ্রি পরীক্ষার ফল প্রকাশ হয়নি উত্তীর্ণরা ভর্তি হবে কোথায়?

শাহ নিসতার জাহান ঃ পরীক্ষা শেষ হবার পর প্রায় পাঁচ মাস অতিক্রান্ত হলেও ফল প্রকাশিত হচ্ছে না ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রি (পাস) পরীক্ষার্থীদের। এ নিয়ে চরম উদ্বেগের মধ্যে রয়েছে পরীক্ষার্থী ও তাদের অভিভাকরা। ১৯৯৩ সালের ডিগ্রি (পাস) কোর্সের এ পরীক্ষা ১৯৯৪'র অক্টোবরে শেষ হয়। অন্যদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ১৯৯৩ সালের এ পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে বেশ আগে। পরীক্ষায় কৃতকার্যরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন প্রিলিমিনারী কোর্সে ভর্তিও হয়ে গেছে। ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন পরীক্ষার্থীদের হতাশা আরো বেড়েছে। এদিকে কিছুদিন আগে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব পরীক্ষার্থীর ফলাফল শিগগিরই প্রকাশ করবে বলে জানিয়েছিলো। কিন্তু শিক্ষার্থীরা আজো তাদের ফলাফল পায়নি। সমস্যা কেবল ফলাফল প্রকাশ নিয়েই নয়। পরীক্ষায় কৃতকার্যরা ভর্তি হবে সেটিও এক সমস্যা। যারা কৃতকার্য হবে এদের জাতীয় বিশ্ববিদ্যালয় গ্রহণ না করলে তাদের জীবনের একটি বছর নষ্ট হবে। আবার এসব পরীক্ষার্থীদের জন্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ও কোন পদক্ষেপ নেবে না বলে জানা গেছে। বিষয়টি নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে বিতর্ক চলছে অনেক দিন থেকে।

তাদের যুক্তি ও বিতর্কের চাপাকলে পড়েছে ২ সহস্রাধিক পরীক্ষার্থীর শিক্ষা জীবন। বিতর্ক শুরু হয় ১৯৯১'র ব্যাচ থেকেই। এদের পরীক্ষা ১৯৯২'র ফেব্রুয়ারিতে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয়। এতে অকৃতকার্যরা পরবর্তীতে পরীক্ষায় অংশ নেয়। ইতিমধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে দু'টি টার্ম শেষ হয়ে গেছে।

শেষ টার্মের অধীন পরীক্ষা শেষ। কিন্তু কোন সিদ্ধান্ত নেয়ার হয়নি ১৯৯১-এর (১৯৯২ তে প্রথম বারের মতো পরীক্ষার্থী) ব্যাচ নিয়ে। এরা যে কোথায় ভর্তি হবে সে নিয়ে দিশেহারা অবস্থা শিক্ষার্থীদের। যাদের দায়িত্ব নেয়ার কথা জাতীয় বিশ্ববিদ্যালয় কিংবা ঢাকা বিশ্ববিদ্যালয় কিন্তু কেউ স্পষ্ট করে স্বীকার করছে না।